



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/৭১৮(ক-৩)/০৪(অংশ-২)/১৩৪৩/৬

তারিখ : ০৬/০৯/২০২১ খ্রি.

বিষয় : ঢাকা জেলার পল্লবী ডিগ্রি কলেজের জনাব পারভীন আক্তার, প্রভাষক(অর্থনীতি) এর নিয়োগ সংক্রান্ত বিষয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : জুলাই/২০২১ মাসের এম.পি.ও কমিটির সভার সিদ্ধান্ত;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লবী ডিগ্রি কলেজের জনাব পারভীন আক্তার, প্রভাষক(অর্থনীতি) সূত্রোক্ত স্মারক মোতাবেক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৪৮৯৬/২০১০ এর রায়ের আলোকে এম.পি.ও ভুক্তির জন্য আবেদন করেন।

আইন শাখার মতামত : ঢাকার পল্লবী ডিগ্রি কলেজের প্রভাষক(অর্থনীতি) জনাব পারভীন আক্তার এমপিওভুক্ত হওয়ার বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৪৮৯৬/২০১০ দায়ের করেন। উক্ত রিট মামলায় শুনানী শেষে বিগত ১০/০১/২০১৭ তারিখে রায় প্রদান করেন। রায়ে ৭ নং বিবাদী অর্থাৎ জনাব মো: তৌফিকুর রহমান এর নাম এমপিও তালিকা থেকে বাতিল/কর্তন করার জন্য এবং পিটিশনার(পারভীন আক্তার) কে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশ দেয়া হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের ১০/০১/২০১৭ তারিখের রায়ের বিরুদ্ধে জনাব মো: তৌফিকুর রহমান মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১১৭/২০১৮ দায়ের করেন। উক্ত আপিল মামলা বিগত ১৫/০৪/২০১৯ তারিখে খারিজ হয়। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ অনুসারে জনাব মো: তৌফিকুর রহমান এর এমপিও তালিকা থেকে বাদ দিতে হবে এবং জনাব পারভীন আক্তার(প্রভাষক, অর্থনীতি) কে এমপিওভুক্ত করতে হবে।

জনাব পারভীন আক্তার, প্রভাষক(অর্থনীতি) এর এম.পি.ও ভুক্তির বিষয়ে সিদ্ধান্তের জন্য জুলাই/২০২১ মাসের এম.পি.ও কমিটির সভায় উপস্থাপন করা হয়। এম.পি.ও কমিটির সভার সিদ্ধান্ত : পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কে জনাব পারভীন আক্তার, প্রভাষক(অর্থনীতি) এর নিয়োগ প্রক্রিয়ার বিষয়ে বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করবেন। প্রতিবেদনটি এম.পি.ও কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।

এমতাবস্থায়, জুলাই/২০২১ মাসের এম.পি.ও কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব পারভীন আক্তার, প্রভাষক (অর্থনীতি) এর নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা।

১১/০৯/২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা;
- (২) জনাব পারভীন আক্তার, প্রভাষক(অর্থনীতি), পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা;
- (৩) সংরক্ষণ নথি।